

## প্রত্যেক মানুষেরই চিন্তা করা উচিত যে, পরকালের জন্য সে অগ্রিম কী পাঠিয়েছে

বিসমিল্লাহির রহমানির রহীম

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “প্রত্যেক মানুষেরই চিন্তা করা উচিত যে, পরকালের জন্য অগ্রিম কী পাঠিয়েছে”।

### আল্লাহ তা'আলা পবিত্র কোরআন মাজীদে ইরশাদ করেন:

১। তোমরা আল্লাহকে ভয় করো।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ﴿١٨﴾

হে মু'মিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর; প্রত্যেকেই ভাবিয়া দেখুক আগামী কল্যের জন্য সে কী অগ্রিম পাঠাইয়াছে। আর তোমরা আল্লাহকে ভয় কর; তোমরা যাহা কর আলহুঁ সে সম্পর্কে অবহিত।  
সূরা হাশর ৫৯ঃ ১৮

২। যারা আল্লাহকে ভুলে গেছে, ফলে আল্লাহ তাদের আত্মবিস্মৃত করে দিয়েছেন।

وَلَا تَكُونُوا كَالَّذِينَ نَسُوا اللَّهَ فَأَنْسَاهُمْ أَنفُسَهُمْ أُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿١٩﴾

আর তোমরা তাহাদের মত হইও না যাহারা আল্লাহকে ভুলিয়া গিয়াছে; ফলে আল্লাহ্ উহাদেরকে আত্মবিস্মৃত করিয়াছেন। উহারাই তো পাপাচারী। সূরা হাশর ৫৯ঃ ১৯

৩। জাহান্নামীরা আর জান্নাতিরা সমান নয়।

لَا يَسْتَوِي أَصْحَابُ النَّارِ وَأَصْحَابُ الْجَنَّةِ أَصْحَابُ الْجَنَّةِ هُمُ الْفَائِزُونَ ﴿٢٠﴾

জাহান্নামের অধিবাসী এবং জান্নাতের অধিবাসী সমান নয়। জান্নাতবাসীরাই সফলকাম। সূরা হাশর ৫৯ঃ ২০

৪। কুরআন পাহাড়ের উপর নাযিল হলে, পাহাড় আল্লাহর ভয়ে বিনীত ও বিদীর্ণ হয়ে যেতো।

لَوْ أَنْزَلْنَا هَذَا الْقُرْآنَ عَلَى جَبَلٍ لَرَأَيْتَهُ خَاشِعًا مُتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللَّهِ وَتِلْكَ الْأَمْثَالُ  
نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ ﴿٢١﴾

যদি আমি এই কুরআন পর্বতের উপর অবতীর্ণ করিতাম তবে তুমি উহাকে আলক্তির ভয়ে বিনীত এবং বিদীর্ণ দেখিতে। আমি এই সমস্ত দৃষ্টান্ত বর্ণনা করি মানুষের জন্য, যাহাতে তাহারা চিন্তা করে। সূরা হাশর ৫৯ঃ ২১

৫। তিনিই আল্লাহ, পরম করুণাময়, পরম দয়াবান।

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ ﴿٢٢﴾

তিনিই আলক্তির তিনি ব্যতীত কোন ইলাহ নাই, তিনি অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা; তিনি দয়াময়, পরম দয়ালু। সূরা হাশর ৫৯ঃ ২২

৬। সব সুন্দর নাম (আসমাউল হুসনা) আল্লাহরই।

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيزُ الْجَبَّارُ  
الْمُتَكَبِّرُ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ ﴿٢٣﴾

তিনিই আলক্তির তিনি ব্যতীত কোন ইলাহ নাই। তিনিই অধিপতি, তিনিই পবিত্র, তিনিই শান্তি, তিনিই নিরাপত্তা বিধায়ক, তিনিই রক্ষক, তিনিই পরাক্রমশালী, তিনিই প্রবল, তিনিই অতীব মহিমান্বিত। উহারা যাহারা শরীক স্থির করে আল্লাহ তাহা হইতে পবিত্র, মহান। সূরা হাশর ৫৯ঃ ২৩

هُوَ اللَّهُ الْخَالِقُ الْبَارِي الْمُصَوِّرُ لَهُ الْأَسْمَاءُ الْحُسْنَى يُسَبِّحُ لَهُ مَا فِي السَّمَاوَاتِ  
وَالْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٢٤﴾

তিনিই আলক্তির, সৃজনকর্তা, উদ্ভাবনকর্তা, রূপদাতা, তাঁহারই সকল উত্তম নাম। আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে, সমস্তই তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। সূরা হাশর ৫৯ঃ ২৪

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, সুরা হাশরের ১৮ থেকে ২৪ আয়াত পর্যন্ত বার বার তেলাওয়াত করুন। ধীরে ধীরে, বুঝে বুঝে অন্তরের অন্তস্থল থেকে আল্লাহর কথাগুলো অনুধাবন করার চেষ্টা করুন।

ফিলিস্তিনের ইমাম ঘাস্‌সান শোরবাজি কান্নাজড়িত কণ্ঠে অত্যন্ত আবেগময় করে সালাতে আয়াতগুলো তেলাওয়াত করেছেন। এক একটা আয়াত বার বার তেলাওয়াত করেছেন।

আসুন, আমরা পবিত্র কোরআনের সুমধুর মর্মবাণী হৃদয় দিয়ে অনুভব করি, পরকালের ভয় যেন আমাদের অন্তর কেঁদে উঠে।

আমরা আশা করি পরম করুণাময়, মেহেরবান, দয়ালু আল্লাহ তা'আলা আমাদের অন্তরগুলোকে কোরআনমুখী করে দেবেন। আমাদের অপরাধ গুলো ক্ষমা করে দেবেন এবং বর্তমানের COVID-19 আযাব থেকে আমাদেরকে মুক্তি দিবেন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ